**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
**সংখ্যা ৫২/২০১৮-১৯**
**ঢাকা, সোমবার ১৭ সেপ্টেম্বর ২০১৮, ২ আশ্বিন ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আইনজীবীদের পেশাগত দক্ষতা বাড়াতে হবে : রাষ্ট্রপতি

২। তিতাস ও তিস্তার ওপর দুই সেতু উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

৩। উন্নয়নের পূর্বশর্ত আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা : প্রধানমন্ত্রী

৪। সরকার তৃতীয় লিঙ্গের লোকদের জন্য বিভিন্ন সেবামূলক কাজ হাতে নিয়েছে : প্রধানমন্ত্রী
প্রধানমন্ত্রীর সঙ্গে তৃতীয় লিঙ্গ প্রতিনিধিদলের সাক্ষাৎ

৫। ঐতিহাসিক রোজ গার্ডেন কিনে নিয়েছে সরকার, দলিল গ্রহণ করলেন প্রধানমন্ত্রী

৬। প্রধানমন্ত্রীর মানবিক উদ্যোগে ১৪২ জন কয়েদি মুক্তি পেলেন সিলেট কারাগার থেকে

৭। মাতৃমৃত্যুরোধে সবাইকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান স্পিকারের

৮। যৌতুক প্রদান, গ্রহণ বা সহায়তায় পাঁচ বছরের জেল এর বিধান রেখে সংসদে বিল পাশ

৯। যুক্তফ্রন্টের প্রস্তাব সংবিধান পরিপন্থী : বাণিজ্যমন্ত্রী

১০। আওয়ামী লীগ চিরকালই প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে বিশ্বাস করে : স্বাস্থ্যমন্ত্রী

১১। হিজড়াদের পরিবারে পুনর্বাসনের চেষ্টা হচ্ছে : সংসদে সমাজকল্যাণমন্ত্রী

১২। পুঁজিবাজার প্রশিক্ষণ একাডেমি নির্মাণে জমি দেওয়া হবে : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী

১৩। আগামী মাসে নতুন এমপিও'র ফয়সালা : সংসদে শিক্ষামন্ত্রী

চলমান পাতা-২

**১। আইনজীবীদের পেশাগত দক্ষতা বাড়াতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের আইনজীবীদের পেশাগত দক্ষতা বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বাংলাদেশ বার কাউন্সিলের প্রতি আহ্বান জানিয়েছেন। বার কাউন্সিলের নবনির্বাচিত সদস্যদের একটি প্রতিনিধিদল গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, জনগণকে আইনি সহায়তা প্রদানের জন্য আইনজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাষ্ট্রপতি আইনজীবীদের কল্যাণ নিশ্চিতে বহুমুখী পদক্ষেপ গ্রহণের জন্যও বার কাউন্সিলের নেতৃবৃন্দকে পরামর্শ দেন। তিনি বাংলাদেশ বার কাউন্সিলের আইনজীবী নিবন্ধন পরীক্ষা যথাযথভাবে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করে বলেন, এর ফলে কেবল দক্ষ ও মেধাবীরাই সনদ লাভ করবে। সাক্ষাৎকালে বাংলাদেশ বার কাউন্সিলের চেয়ারম্যান ও অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ১০ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১০, ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

**২। তিতাস ও তিস্তার ওপর দুই সেতু উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

রংপুরে তিস্তা এবং ব্রাহ্মণবাড়িয়ায় তিতাস নদীর ওপর দু'টি সেতুর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'গঙ্গাচড়া শেখ হাসিনা সেতু' এবং 'শেখ হাসিনা তিতাস সেতু'র উদ্বোধন করেন তিনি। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একটি দেশের যোগাযোগব্যবস্থা যত উন্নত হবে, ততই জনগণের অর্থনৈতিক অবস্থারও উন্নয়ন ঘটবে। অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচনকে মাথায় রেখেই সরকার দেশের সড়ক যোগাযোগ উন্নয়নের পরিকল্পনা বাস্তবায়ন করে চলেছে। প্রধানমন্ত্রী এ সময় বলেন, তাঁর সরকার জনগণের চলাচলের সুবিধার্থে এবং অর্থনৈতিক কর্মকাণ্ড গতিশীল করার লক্ষ্যে একটি উন্নত যোগাযোগব্যবস্থা গড়ে তুলতে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২)।

**৩। উন্নয়নের পূর্বশর্ত আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা : প্রধানমন্ত্রী**

বাংলাদেশ পুলিশ বাহিনীর ভূয়সী প্রশংসা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একটি দেশকে উন্নত করার পূর্বশর্ত হলো আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখা। এ কাজে দেশের পুলিশবাহিনী সফল হয়েছে। পুলিশবাহিনী অত্যন্ত সততার সঙ্গে দায়িত্ব পালন করে বাংলাদেশের জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে সক্ষম হয়েছে। এখন পুলিশের ওপর মানুষের আস্থা-বিশ্বাস ফিরে এসেছে। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) ঢাকায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রংপুর ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশের কার্যক্রমের উদ্বোধন করে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮),ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮)।

**৪। সরকার তৃতীয় লিঙ্গের লোকদের জন্য বিভিন্ন সেবামূলক কাজ হাতে নিয়েছে : প্রধানমন্ত্রী**
**প্রধানমন্ত্রীর সঙ্গে তৃতীয় লিঙ্গ প্রতিনিধিদলের সাক্ষাৎ**

সরকার তৃতীয় লিঙ্গ হিসেবে স্বীকৃতি দেওয়ায় কৃতজ্ঞতা জানাতে তৃতীয় লিঙ্গের (হিজড়া) পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেছেন। তৃতীয় লিঙ্গের আবিদা ইসলাম ময়ূরীর নেতৃত্বে প্রতিনিধিদলের সদস্যরা গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ সাক্ষাৎকে অত্যন্ত আবেগঘন হিসেবে বর্ণনা করেন। তিনি প্রধানমন্ত্রীকে উদ্ধৃত করে বলেন, ময়ূরী অত্যন্ত আবেগপূর্ণ কণ্ঠে প্রধানমন্ত্রীর প্রতি তাকে তাঁর (শেখ হাসিনার) নিজের সন্তান হিসেবে গ্রহণ করার অনুরোধ জানালে তিনি বলেন, অবশ্যই তুমি আমার সন্তান। এ প্রতিনিধিদলের সদস্যরা 'সিরি সমাজকল্যাণ সংস্থা'এর আওতায় জামালপুর জেলায় তৃতীয় লিঙ্গের লোকদের কল্যাণে কাজ করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার হিজড়াদের তৃতীয় লিঙ্গের মানুষ হিসেবে স্বীকৃতি দেওয়ায় প্রতিনিধিদলটি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানায়। প্রধানমন্ত্রী তাদেরকে সমাজের জন্য কাজ করার আহ্বান জানিয়ে বলেন, তাঁর সরকার তৃতীয় লিঙ্গের লোকদের জন্য বিভিন্ন সেবামূলক কাজ হাতে নিয়েছে এবং তাদেরকে পরিবারের সঙ্গে থাকার অধিকার নিশ্চিত করেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (পৃ.৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

**৫।	ঐতিহাসিক রোজ গার্ডেন কিনে নিয়েছে সরকার, দলিল গ্রহণ করলেন প্রধানমন্ত্রী**

দেশের বৃহত্তম রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামী লীগ যে স্থান থেকে যাত্রা শুরু করেছিলো সেই ঐতিহাসিক রোজ গার্ডেন বাংলাদেশ সরকার কিনে নিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) গণভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে সম্পত্তির বর্তমান মালিক ও তার সন্তানদের কাছ থেকে এ সম্পত্তি ক্রয়ের রেজিস্ট্রিকৃত দলিল গ্রহণ করেছেন। অনুষ্ঠানে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী বলেন, পুরান ঢাকার ইতিহাস তুলে ধরতে ঐতিহাসিক রোজ গার্ডেনকে জাদুঘরে পরিণত করা হবে। প্রধানমন্ত্রী বলেন, রোজ গার্ডেনের একটি ঐতিহাসিক মূল্য রয়েছে। কেননা, দেশের বৃহত্তম রাজনৈতিক দল আওয়ামী লীগ ১৯৪৯ সালের ২৩ জুন এখান থেকেই যাত্রা শুরু করে। তিনি বলেন, এ দলের নেতৃত্বেই বাংলাদেশ ১৯৭১ সালে স্বাধীনতা অর্জন করে। এ ঐতিহাসিক ভবনটি যথাযথভাবে সংরক্ষণের ওপর গুরুত্ব আরোপ করে প্রধানমন্ত্রী বলেন, এমন স্থাপনা নষ্ট হতে দেওয়া যায় না। তিনি ভবনটির মূল কাঠামো অপরিবর্তিত রেখে এটি সংস্কার করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

**৬।	প্রধানমন্ত্রীর মানবিক উদ্যোগে ১৪২ জন কয়েদি মুক্তি পেলেন সিলেট কারাগার থেকে**

সিলেট কেন্দ্রীয় কারাগারে বন্দি বিভিন্ন মামলার একশ' ৪২ জন কয়েদি মুক্তি পেয়েছেন গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার)। প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি বিশেষ মানবিক উদ্যোগের পরিপ্রেক্ষিতে তাদেরকে আইনি প্রক্রিয়ায় মুক্তি দেন আদালত। যারা লঘু অপরাধ করে কারাগারে আছেন, তারা যদি দোষ স্বীকার করে ক্ষমা চান ও ভালো পথে চলার অঙ্গিকার করেন, তাদেরকে যথাযথ আইনি প্রক্রিয়ায় মুক্তি দেওয়ার বিষয়টি বিবেচনায় আনার উদ্যোগ নেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর এ উদ্যোগের প্রথম বাস্তবায়ন ঘটলো সিলেটে। সিনিয়র জেল সুপার আব্দুল জলিল বলেন, দেশে এ প্রথম কোনো কারাগারের এতজন আসামি একসঙ্গে জামিন লাভ করলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬)।

**৭।	মাতৃমৃত্যুরোধে সবাইকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান স্পিকারের**

মাতৃমৃত্যুরোধে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। মাতৃমৃত্যুরোধ ও নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করতে জনগণকে আরও সচেতন ও সম্পৃক্ত করার প্রতিও গুরুত্বারোপ করেন তিনি। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) সংসদ ভবনের শপথকক্ষে জাতীয় সংসদ ও জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপি) যৌথ উদ্যোগে স্ট্রেনদেনিং পার্লামেন্টস ক্যাপাসিটি ইন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট ইস্যু প্রকল্পের আওতায় আয়োজিত মাতৃস্বাস্থ্য সুরক্ষাবিষয়ক পলিসি ডায়ালগে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৮,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৮)।

**৮।	যৌতুক প্রদান, গ্রহণ বা সহায়তায় পাঁচ বছরের জেল এর বিধান রেখে সংসদে বিল পাশ**

যৌতুক গ্রহণ কিংবা যৌতুক নিয়ে মিথ্যা মামলা করলে পাঁচ বছরের জেল ও ৫০ হাজার টাকা জরিমানা হবে। এছাড়া যৌতুক প্রদান, গ্রহণ বা যৌতুকে সহায়তা বা চুক্তি করলেও একই সাজা হবে। এমন বিধান রেখে জাতীয় সংসদে একটি বিল পাশ হয়েছে। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি 'যৌতুক নিরোধ বিল-২০১৮' নামের বিলটি পাশের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাশ হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**৯।	যুক্তফ্রন্টের প্রস্তাব সংবিধান পরিপন্থী : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, জাতীয় ঐক্য গড়তে যুক্তফ্রন্টের দুই প্রবীণ রাজনীতিবিদ যে ধরনের প্রস্তাব দিয়েছেন তা সংবিধান পরিপন্থী। এ কারণে এটা গ্রহণযোগ্য নয়। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত চোপলাল ভূষালের সঙ্গে সাক্ষাৎশেষে মন্ত্রীর ভিয়েতনাম সফরের বিষয়ে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বাণিজ্যন্ত্রী বলেন, গণফোরামের ড. কামাল হোসেন এবং অন্যরা মিলে যে যুক্তফ্রন্ট করতে যাচ্ছে এটাকে স্বাগত জানাই, অভিনন্দন জানাই। কিন্তু তারা যে প্রস্তাব করেছেন, সেগুলো গ্রহণযোগ্য নয়। কারণ নির্বাচন হবে বর্তমান ক্ষমতাসীন দলের অধীনে, সংবিধান অনুসারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**১০।	আওয়ামী লীগ চিরকালই প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে বিশ্বাস করে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আওয়ামী লীগ চিরকালই প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে বিশ্বাস করে। জাতীয় নির্বাচন সামনে রেখে অনেক সমমনা দলের জোট গঠিত হচ্ছে। এসব দল ও জোট নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে, এটা গণতন্ত্রের বিকাশ ও জাতীয় নির্বাচনের জন্য সুখবর। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার)

সিরাজগঞ্জের কড্ডায় জাতীয় নেতা শহীদ এম মনসুর আলীর নামে স্থাপিত রেলওয়ে স্টেশন পরিদর্শনশেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১১। হিজড়াদের পরিবারে পুনর্বাসনের চেষ্টা হচ্ছে : সংসদে সমাজকল্যাণমন্ত্রী**

তৃতীয় লিঙ্গের (হিজড়া) জনগোষ্ঠীকে পরিবারে পুনর্বাসনের চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন। তিনি বলেছেন, হিজড়াদের পুনর্বাসনের জন্য সরকারের কর্মসূচি আছে। তাদের সমাজের বাইরে না রেখে পরিবারেই পুনর্বাসনের চেষ্টা করা হচ্ছে। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৮,ক.৫)।

**১২। পুঁজিবাজার প্রশিক্ষণ একাডেমি নির্মাণে জমি দেওয়া হবে : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী**

পুঁজিবাজার প্রশিক্ষণ একাডেমি স্থাপনের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনকে (বিএসইসি) পূর্বাচলে দুই বিঘা জমি দেওয়া হবে। তবে এ একাডেমি স্থাপনের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) কাছে বিএসইসি যে পরিমাণ জমি চেয়ে আবেদন করেছে, তা দেওয়া সম্ভব হবে না। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) আগারগাঁও বিএসইসি ভবনের মাল্টিপারপাস হলে বিএসইসি পরিবারের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৮)।

**১৩। আগামী মাসে নতুন এমপিও'র ফয়সালা : সংসদে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির করার বিষয়ে আগামী মাসের মধ্যে ফয়সালা হবে। গতকাল (১৬ সেপ্টেম্বর রোববার) জাতীয় সংসদ অধিবেশনে এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **জনকলণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** মাদক ব্যবসায়ীরা গ্রিন টি'র নামে ডাকবিভাগের মাধ্যমে এনপিএস তথা 'খাথ' নামের নতুন মাদক আমদানি করছে যা ব্যবহারে মানবদেহের ভয়ানক ক্ষতিসাধন হয় উল্লেখ করে যেকোনো ধরনের মাদক নির্মূলে জিরো টলারেন্স নীতি গ্রহণ করার সুপারিশ।

খ. **সংবাদ :** মালয়েশিয়ায় জিটুজি প্লাস পদ্ধতিতে জনশক্তি রফতানি করে ৬ হাজার কোটি টাকা হাতিয়ে নেওয়া ১০টি রিক্রুটিং এজেন্সির সিন্ডিকেটের বিরুদ্ধে লাইসেন্স বাতিলসহ কঠোর শাস্তি দেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর** : পদ্মার অব্যাহত ভাঙনে শরীয়তপুরের নড়িয়া উপজেলার দু'টি ইউনিয়ন ও নড়িয়া পৌরসভার দু'টি ওয়ার্ড প্রায় বিলীন হওয়ার সংবাদে উদ্বেগ প্রকাশ করে পদ্মাসহ অন্যান্য নদ নদীর ভাঙ্গনরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** বিগত দুই তিন বছরের তুলনায় মশাবাহিত রোগ ডেঙ্গুর প্রবণতা বাড়লেও রাজধানীর মশা নিয়ন্ত্রণে সিটি করপোরেশনের কার্যকর কোনো পদক্ষেপ নেই বলে রাজধানীবাসীর অভিযোগ আমলে নিয়ে মশক নিধনে সমন্বিত কার্যকর পরিকল্পনা গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বণিক বার্তা :** দেশে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সৌর বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর পরামর্শ।

চ. **নিউ নেশন :** পাসপোর্ট পেতে জনগণের নানা ভোগান্তি লাঘবে পাসপোর্ট অফিসের দুর্নীতিবাজ কর্মকর্তা ও দালালদের বিরুদ্ধে কাঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

## উপসম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে শিল্প, বাণিজ্য ও বিনিয়োগের যে কর্ম সম্ভাবনা সৃষ্টি হয়েছে সেখানে দেশীয় লোকবলের সংস্থান করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর জীবন সুরক্ষায় সাঁতারের গুরুত্ব'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পানিতে ডুবে শিশুদের অস্বাভাবিক মৃত্যুরোধে সাঁতার শেখার পাশাপাশি সমাজের সবাইকে সচেতন হতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা